

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি কলেজ-৬ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩৮.০০১.১৭.৩৫০

তারিখ: ৮ কার্তিক ১৪২৫

২৩ অক্টোবর ২০১৮

বিষয়: সরকারিকরণের কার্যক্রম চলমান রাখার বিষয়ে মতামত প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সরকারিকরণের সম্মতিপ্রাপ্ত ঠাকুরগাঁও জেলার বালিয়াডাঙ্গী “শহীদ আকবর আলী বিজ্ঞান ও প্রযুক্তি মহাবিদ্যালয়” সরকারিকরণের বিরুদ্ধে সমীর উদ্দীন স্মৃতি মহাবিদ্যালয় মহামান্য হাইকোর্টে রীট পিটিশন নং-১০৫৬৭/২০১৮ দায়ের করেন। উক্ত রীট পিটিশনে রুল জারীসহ স্থিতাবস্থার আদেশ প্রদান করা হয়। উক্ত আদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগে স্থগিত করা হয়। বর্তমান রীট পিটিশন নং-১০৫৬৭/২০১৮ এবং সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং-৩৮০০/১৮ বিচারাধীন, কিন্তু উক্ত রীট পিটিশনে কোন স্থিতিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা কিছু নেই।

এমতাবস্থায়, ঠাকুরগাঁও জেলার বালিয়াডাঙ্গী “শহীদ আকবর আলী বিজ্ঞান ও প্রযুক্তি মহাবিদ্যালয়” সরকারিকরণের কার্যক্রম চলমান রাখার বিষয়ে আইনগত মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামোতাবেক।



১৪-১০-২০১৮

মোহাম্মদ রাশেদুল ইসলাম

উপসচিব (প্রতিকল্প)

ফোন: ৯৫৭৭৪২৫

বিজ্ঞ সলিসিটর

সলিসিটর উইং আইন ও বিচার বিভাগ সুপ্রিমকোর্ট প্রাঙ্গন,

ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩৮.০০১.১৭.৩৫০/১(৪)

তারিখ: ৮ কার্তিক ১৪২৫

২৩ অক্টোবর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৪) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৪-১০-২০১৮

মোহাম্মদ রাশেদুল ইসলাম  
উপসচিব (প্রতিকল্প)